**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২৮/২০১৭**

**ঢাকা, সোমবার ৬ ফেব্রুয়ারি ২০১৭, ২৪ মাঘ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। এসডিজি-৪ এর লক্ষ্য সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা : প্রধানমন্ত্রী

২। চলে গেলেন বর্ষীয়ান রাজনীতিবিদ সুরঞ্জিত সেনগুপ্ত : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী'র শোক

৩। সব গণতান্ত্রিক আন্দোলনে সুরঞ্জিত সেনগুপ্তকে সাথী হিসেবে পেয়েছি : প্রধানমন্ত্রী

৪। রিজার্ভের অর্থ আদায়ে বিকল্প চিন্তা করা হচ্ছে : অর্থমন্ত্রী

৫। সরকারের মেয়াদের শেষ দিকে ব্যাংকিং কমিশন গঠন করা হবে
: সোনালী ব্যাংকের বার্ষিক সম্মেলনে অর্থমন্ত্রী

৬। সরকারি হাসপাতালে কম খরচে অত্যাধুনিক সেবা পাচ্ছে মানুষ : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী

৭। ভবিষ্যতে স্থানীয় সরকার প্রতিষ্ঠান হবে উন্নয়নের কেন্দ্রবিন্দু : স্থানীয় সরকার মন্ত্রী

৮। দুর্যোগ মোকাবিলায় দেশ অনেক এগিয়েছে : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী

৯। রোহিঙ্গা নিয়ে কূটনীতিকদের অবহিত করলেন পররাষ্ট্রমন্ত্রী : বাংলাদেশের পাশে বিশ্বসম্প্রদায়

১০। সাইবার ঝুঁকিতে সরকারি ২১ প্রতিষ্ঠানকে গুরুত্ব দেওয়া হচ্ছে
: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী

১১। বেদখল খাল উদ্ধারে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের যৌথ অভিযান শুরু

চলমান পাতা-২

১। **এসডিজি-৪ এর লক্ষ্য সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইউনেস্কোর ই-৯ ভিত্তিক দেশগুলোর উদ্যোগগুলোকে এসডিজির সঙ্গে সমন্বয় করে এসডিজি-৪ এর মূল লক্ষ্য সবার জন্য অন্তর্ভুক্তিমূলক এবং মানসম্মত শিক্ষা নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ৫ ফেব্রুয়ারি রোববার রাজধানীর হোটেল রেডিসন ব্লুতে তিন দিনব্যাপী 'ই-৯ মিনিস্টারিয়াল মিটিং অন এডুকেশন-২০৩০' শীর্ষক সভার উদ্বোধনী পর্বে প্রধান অতিথির ভাষণে এ আহবান জানান। প্রধানমন্ত্রী বলেন, এসডিজি -৪ এর মূল লক্ষ্য অন্তর্ভূক্তিমূলক এবং মানসম্মত শিক্ষা নিশ্চিত করা ও জীবনব্যাপী শিক্ষার প্রসার। এসব বৈশ্বিক আকাঙ্ক্ষা মনে রেখে আমি আশাবাদী যে এখানে উপস্থিত শিক্ষাবিদ এবং নীতি-নির্ধারকরা 'এসডিজি-৪ এডুকেশন ২০৩০' লক্ষ্যমাত্রার বিষয়ে নিজ নিজ দেশের আকাঙ্ক্ষা, অঙ্গীকার, প্রাধিকারের বিষয়গুলো আলোচনা করবেন এবং এই ৯ টি দেশের জন্য প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়ন করবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.৩), **সংবাদ, অবজারভার, এশিয়ান এজ**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **চলে গেলেন বর্ষীয়ান রাজনীতিবিদ সুরঞ্জিত সেনগুপ্ত : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী'র শোক**

দেশের সংবিধান প্রণয়ন কমিটির সদস্য আওয়ামী লীগ নেতা সুরঞ্জিত সেনগুপ্ত আর নেই। ঢাকার ল্যাবএইড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গতকাল ৫ ফেব্রুয়ারি রোববার ভোর রাত ৪টা ২৪ মিনিটে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তার বয়স হয়েছিল ৭১ বছর। সুরঞ্জিত সেনগুপ্ত জাতীয় সংসদে সাতবার সুনামগঞ্জের দিরাইয়ের মানুষের প্রতিনিধিত্ব করেছেন।

দেশের প্রথম সংবিধান প্রণয়ন কমিটির সদস্য আওয়ামী লীগ নেতা সুরঞ্জিত সেনগুপ্তের মৃত্যুতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বিরোধী দলীয় নেতা রওশান এরশাদ ও স্পিকার ড. শিরিন শারমিন চৌধুরী শোক প্রকাশ করেছেন। সংসদের ডেপুটি স্পিকার মো. ফজলে রাব্বী মিয়া, চিফ হুইপ আসম ফিরোজ, সংসদ উপনেতা সৈয়দা সাজেদা চৌধুরী, বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার হর্ষবর্ধণ শ্রিংলাসহ মন্ত্রিপরিষদের সদস্য, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক সংগঠন সুরঞ্জিত সেনগুপ্তের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। শোক বার্তায় তারা প্রয়াতের বিদেহী আত্মার শান্তি কামনা ও শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেন।

রাষ্ট্রপতি এক শোক বার্তায় বলেন, সুরঞ্জিত সেনগুপ্ত শুধুমাত্র একজন রাজনীতিবিদই ছিলেন না, তিনি ছিলেন একজন প্রবীণ পার্লামেন্টারিয়ান। তিনি দেশের প্রথম সংবিধান রচনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। দেশের সংসদীয় রাজনীতির ক্ষেত্রে সুরঞ্জিত সেনগুপ্তের বিশাল অবদান জনগণ স্মরণে রাখবে। প্রধানমন্ত্রী শোক বার্তায় বলেন, তাঁর মৃত্যুতে দেশের রাজনৈতিক অঙ্গনে এক অপূরণীয় ক্ষতি হলো। তাঁর মৃত্যুতে দেশ এক নিবেদিতপ্রাণ রাজনীতিবিদ ও একজন অভিজ্ঞ সংসদ সদস্যকে হারাল আর আওয়ামী লীগ হারাল দলের একজন নিবেদিতপ্রাণ নেতাকে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **প্রথম আলো** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬)। **জনকণ্ঠ, যুগান্তর, বাংলাদেশ টুডে, এশিয়ান এজ**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **সব গণতান্ত্রিক আন্দোলনে সুরঞ্জিত সেনগুপ্তকে সাথী হিসেবে পেয়েছি : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের প্রতিটি গণতান্ত্রিক আন্দোলনে সুরঞ্জিত সেনগুপ্তকে সব সময় সাথী হিসেবে পেয়েছি। গণতন্ত্র প্রতিষ্ঠায় আমরা একসঙ্গে আন্দোলন-সংগ্রাম করেছি। সুরঞ্জিত সেনগুপ্তের পালার্মেন্টে কথা বলার একটা বড় গুণ ছিল। সংসদে তিনি যে কোনো বিষয়ে কথা বলতে পারতেন। অনেক কঠিন কথাকে হাস্যরস দিয়ে মানুষের সামনে তিনি তুলে ধরতেন। বক্তৃতার মাধ্যমে সাধারণ মানুষকে সহজে আকর্ষণ করার অসাধারণ ক্ষমতা ছিল তার। গতকাল ৫ ফেব্রুয়ারি রোববার জাতীয় সংসদের ১৪তম অধিবেশনের ১০ম কার্যদিবসে সুরঞ্জিত সেনগুপ্তের মৃত্যুতে আনা শোক প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

৪। **রিজার্ভের অর্থ আদায়ে বিকল্প চিন্তা করা হচ্ছে : অর্থমন্ত্রী**

বৈদেশিক মুদ্রার রিজার্ভ থেকে চুরি যাওয়া অর্থ আদায়ে বিকল্প চিন্তা করা হচ্ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, বাকি অর্থ কীভাবে ফেরত আনা যায়, এ জন্য নতুন কৌশল নিয়ে আলোচনা চলছে। গতকাল ৫ ফেব্রুয়ারি রোববার সচিবালয়ে এ কথা জানান তিনি। অর্থমন্ত্রী বলেন, কীভাবে অর্থ উদ্ধার করা যায়, তা নিয়ে চিন্তাভাবনা চলছে। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের অভিমত চাওয়া হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.১৭,ক.১)।

৫। **সরকারের মেয়াদের শেষ দিকে ব্যাংকিং কমিশন গঠন করা হবে**

**: সোনালী ব্যাংকের বার্ষিক সম্মেলনে অর্থমন্ত্রী**

বর্তমান সরকারের মেয়াদের শেষ দিকে ব্যাংকিং কমিশন গঠন করা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, ব্যাংক কমিশন গঠনের কথা অনেকে বলেন। এট করা দরকার। তবে এখনই



নয়। বর্তমান সরকারের মেয়াদের শেষ দিকে এটাও করা হবে। গতকাল ৫ ফেব্রুয়ারি রোববার রাজধানীর কাকরাইলের ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট (আইডিইবি) মিলনায়তনে সোনালী ব্যাংকের বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)।

৬। **সরকারি হাসপাতালে কম খরচে অত্যাধুনিক সেবা পাচ্ছে মানুষ : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম হাসপাতালে দালাল চক্র যেন ভিড়তে না পাড়ে সেদিকে সতর্ক থাকার জন্য পরিচালকদের নির্দেশ দিয়েছেন। তিনি বলেন, সরকারি হাসপাতালে এখন সাধারণ মানুষ কম খরচে অত্যাধুনিক চিকিৎসা সেবা পাচ্ছে। গতকাল ৫ ফেব্রুয়ারি রোববার রাজধানীর শহিদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ ও হাসপাতালে নবসজ্জিত জরুরি বিভাগ, ওয়ান স্টপ সার্ভিস সেন্টার এবং বাগান উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। সোহরাওয়ার্দী হাসপাতালে সান্ধ্যকালীন সময়ে বিশেষজ্ঞ চিকিৎসকরা ওয়ার্ডে এসে রোগী দেখছেন, এই তথ্য জানিয়ে স্বাস্থ্যমন্ত্রী বলেন, দেশের সকল হাসপাতালে পর্যায়ক্রমে এই উদ্যোগ নেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.৫)।

৭। **ভবিষ্যতে স্থানীয় সরকার প্রতিষ্ঠান হবে উন্নয়নের কেন্দ্রবিন্দু : স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকার পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, নিত্য-নতুন উদ্ভাবনী কৌশল প্রয়োগ ও চর্চা করে নাগরিক সেবার গুণগত মান অর্জনের মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠান উন্নয়নের কেন্দ্রবিন্দুতে পরিণত হবে। সরকার বিকেন্দ্রীয়করণের মাধ্যমে নাগরিক সেবার মান বৃদ্ধি করে গ্রামীণ জনপদে উন্নয়নের সুফল ছড়িয়ে দিতে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে আরো কার্যকরী ও গতিশীলভাবে গড়ে তোলার পরিকল্পনা নিয়েছে। মন্ত্রী গতকাল ৫ ফেব্রুয়ারি রোববার রাজধানীর জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে উপজেলা গভর্ন্যান্স প্রজেক্ট এর উদ্যোগে আয়োজিত 'উদ্ভাবনী উৎসাহিতকরণ কর্মশালা ও সম্মাননা প্রদান' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.২)।

৮। **দুর্যোগ মোকাবিলায় দেশ অনেক এগিয়েছে : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী**

বাংলাদেশ দুর্যোগ মোকাবিলায় উল্লেখযোগ্য উন্নতি করেছে। বিশেষ করে উপকূলীয় দুর্যোগে প্রাণ ও সম্পদের ক্ষতি কমিয়ে আনতে সরকার বিশেষ সাফল্য পেয়েছে। গতকাল ৫ ফেব্রুয়ারি রোববার ঢাকায় শুরু হওয়া বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির পঞ্চম আন্তর্জাতিক অংশীদারিত্ব সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেন, সরকারের জোরালো ভূমিকার কারণে দুর্যোগ মোকাবিলায় দেশ অনেক এগিয়েছে। উপকূলীয় ঘূর্ণিঝড়ে মানুষের জানমালের ক্ষয়ক্ষতি দৃশ্যমান হারে কমিয়ে আনা সম্ভব হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৬), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.১১,ক.৪)।

৯। **রোহিঙ্গা নিয়ে কূটনীতিকদের অবহিত করলেন পররাষ্ট্রমন্ত্রী : বাংলাদেশের পাশে বিশ্বসম্প্রদায়**

মিয়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের উন্নত মানবিক সেবা দিতে নোয়াখালির ঠেঙ্গারচরে সরানোর প্রক্রিয়ায় বাংলাদেশকে সব ধরনের সহযোগিতা করবে আন্তর্জাতিক সম্প্রদায়। রোহিঙ্গা সমস্যার চূড়ান্ত সমাধান যেহেতু মিয়ানমারে, তাই তাদের জন্মভূমিতে ফেরত পাঠানোর প্রক্রিয়াতেও আন্তর্জাতিক সম্প্রদায় বাংলাদেশকে সাহায্য করবে। গতকাল ৫ ফেব্রুয়ারি রোববার পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী ঢাকায় বিদেশি কূটনীতিকদের রোহিঙ্গাদের নিয়ে অবহিত করার সময় কূটনীতিকেরা তাকে এ আশ্বাস দেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** ( পৃ.১,ক.৬)।

১০। **সাইবার ঝুঁকিতে সরকারি ২১ প্রতিষ্ঠানকে গুরুত্ব দেওয়া হচ্ছে : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, সাইবার নিরাপত্তা ঝুঁকির ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনসহ (বিএসইসি) সরকারি **২১**টি প্রতিষ্ঠানকে গুরুত্ব দেওয়া হচ্ছে। নিরাপত্তা ঝুঁকিতে থাকা এই **২১** প্রতিষ্ঠানের মধ্যে এনবিআর অন্যতম। গতকাল ৫ ফেব্রুয়ারি রোববার জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সম্মেলন কক্ষে 'ডিজিটাল এনবিআর এ

সাইবার নিরাপত্তা কার্যক্রম' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র- **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৫),**অবজারভার** (পৃ.৪,ক.১)।

**১১। বেদখল খাল উদ্ধারে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের যৌথ অভিযান শুরু**

রাজধানীর জলাবদ্ধতা নিরসনে খাল উদ্ধার অভিযানে আজ ৬ ফেব্রুয়ারি সোমবার থেকে মাঠে নামছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। করপোরেশনের আওতাধীন **১১**টি খাল পর্যায়ক্রমে উদ্ধার করার ঘোষণা দিয়েছেন সংস্থাটির মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। সে মোতাবেক আজ থেকে এ অভিযান শুরু হচ্ছে। এরই অংশ হিসেবে রাজধানীর বেড়িবাঁধের গা ঘেঁষে বয়ে চলা বুড়িগঙ্গা নদীর অংশবিশেষের পাড়ে গড়ে ওঠা অবৈধ স্থাপনাও উচ্ছেদে যাবে ডিএসসিসি। প্রাথমিকভাবে নন্দীপাড়া ত্রিমোহনী খাল উদ্ধার ও পরিষ্কার করার মধ্য দিয়ে এ কর্মসূচির উদ্বোধন করা হবে। অবৈধ দখল থেকে খাল উদ্ধারের জন্য ঢাকা জেলা প্রশাসন, ঢাকা ওয়াসা ও



ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন যৌথভাবে অভিযান পরিচালনা করছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশে এ ব্যবস্থা গ্রহণ করেছে ঢাকা দক্ষিণ সিটি কর্তৃপক্ষ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ইনকিলাব** (পৃ.৩,ক.২)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** সম্প্রতি সরকারি ঊর্ধ্বতন কর্মকর্তাদের ফোন নাম্বার ক্লোনিংয়ের মাধ্যমে প্রতারণার নতুন কৌশলে উদ্বেগ প্রকাশ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অতি দ্রুত ঘটনার তদন্ত করে অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার সুপারিশ।

**খ.** **সংবাদ :** চার কারখানায় নকল টিএসপি সার উৎপাদনের ঘটনা তুলে ধরে বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনায় নিয়ে র‍্যাব ও ভ্রাম্যমান আদালতকে যথাযথ ব্যবস্থা নেওয়ার আহ্বান।

**গ.** **জনকণ্ঠ, ডেইলি সান :** অভিজ্ঞ ও দক্ষ রাজনীতিবিদ সংসদ সদস্য সুরঞ্জিত সেনগুপ্তের মৃত্যুতে শোক প্রকাশ করে তার পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা প্রকাশ।

**ঘ.** **যুগান্তর :** ইউরিয়া সারের মূল্যবৃদ্ধির প্রস্তাবের ফলে কৃষিতে এর নেতিবাচক প্রভাব পড়ার আশঙ্কা করে কৃষি উৎপাদনে ব্যাঘাত ঘটে এমন কোনো সিদ্ধান্ত গ্রহণ কাম্য নয় বলে অভিমত।

**ঙ.** **প্রথম আলো :** কাওড়াকান্দি থেকে কাঁঠালবাড়িতে নৌঘাট স্থানান্তরের ফলে নৌপথের দূরত্ব ছয় কিলোমিটার কমে গেলেও নৌপথের ভাড়া না কমলেও সড়কপথে দূরত্ব বাড়ার অজুহাতে বাসের ভাড়া বেড়ে যাওয়ার নৈরাজ্যকর ঘটনা তুলে ধরে নৌ ও সড়কপথ মিলে যাত্রীদের ওপর চাপানো এ ধরনের জুলুম বন্ধের আহ্বান।

**চ.** **সমকাল :** বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থায় গতি আনতে এর সঙ্গে সংশ্লিষ্ট সব পক্ষের সক্রিয় সহযোগিতার প্রত্যাশা।

**ছ.** **ভোরের কাগজ :** যেসব বৈধ অস্ত্রধারীর নামে অবৈধ অস্ত্র ব্যবহারের অভিযোগ আছে, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

**জ.** **ইন্ডিপেনডেন্ট :** দেশের দক্ষিণাঞ্চলের মাটিতে লবণাক্ততার কারণে ধান উৎপাদন ব্যাহত হওয়ার বিষয়ে বিশ্বব্যাংক ও নরওয়েজিয়ান ইনস্টিটিউট অব বায়ো-ইকোনমি রিসার্চের গবেষণার ফলাফলকে গুরুত্বের সাথে বিবেচনায় নিয়ে যথাযথ ব্যবস্থা নেওয়ার আহ্বান।

**ঝ.** **ডেইলি সান :** বিপুল পরিমাণ ইয়াবা উদ্ধারের ঘটনায় আইন-শৃঙ্খলা বাহিনীকে অভিনন্দন জানিয়ে দেশে ইয়াবা প্রবেশ ও বিক্রি বন্ধে আইন-শৃঙ্খলা বাহিনীকে কঠোর কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ঝ.** **ডেইলি স্টার :** পিরোজপুর মাদার এণ্ড চাইল্ড কেয়ার সেন্টারটি গত ডিসেম্বর থেকে ডাক্তারবিহীন চলার ঘটনা তুলে ধরে ডাক্তার শূন্য থাকার এ ধরণের সব হাসপাতালে স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার প্রত্যাশা।

**ঞ.** **নিউ এজ :** বাংলাদেশ থেকে লিবিয়ায় অবৈধ মানবপাচার বন্ধে সরকারকে অতি দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে নির্বাচনকে সুষ্ঠু ও নিরপেক্ষ করতে হলে দেশের নির্বাচনী ব্যবস্থাকে

টাকার খেলা, পেশি শক্তির দাপট, প্রশাসনিক কারসাজি, সাম্প্রদায়িক ধূম্রজাল ইত্যাদি থেকে মুক্ত করার কাজটি হলো আরো বেশি গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'অর্থনীতির চাকা ঘুরাতে পারে গো-সম্পদ'** শিরোনামের নিবন্ধে আনিছুর রহমান মিয়াজী পরিকল্পিতভাবে গো-পালন খামার গড় তোলা হলে সম্ভাবনাময় এ গো-সম্পদ দেশের অর্থনৈতিক উন্নয়নের দুয়ার খুলে দিতে পারে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা